

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৬১

পর্ব-২: 'ইলম (বিদ্যা) (کتاب العلم)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصِلُ التَّالِثُ

### আরবী

عَن عَوْنٍ قَالَ: قَالَ عَبْدُ اللَّهِ بْنُ مَسْعُودٍ: مَنْهُومَانِ لَا يَشْبَعَانِ صَاحِبُ الْعِلْمِ وَصَاحِبُ الدُّنْيَا وَلَا يَسْتَوِيَانِ أَمَّا صَاحِبُ الْعِلْمِ فَيَزْدَادُ رِضًى لِلرَّحْمَنِ وَأَمَّا صَاحِبُ الدُّنْيَا فَيَتْمَادَى فِي الطُّغْيَانِ. ثُمَّ قَرَأً عَبْدُ اللَّهِ (كَلَّا إِنَّ الْإِنْسَانَ لَيَطْغَى أَنْ رَآهُ اسْتَغْنَى) قَالَ وَقَالَ الْآخَرُ (إِنَّمَا يَخْشَى اللَّهَ مِنْ عباده الْعلمَاء. رَوَاهُ الدَّارِمِيّ

#### বাংলা

২৬১-[৬৪] 'আওন (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, 'আবদুল্লাহ ইবনু মাস্'ঊদ (রাঃ) বলেছেনঃ দুই পিপাসু ব্যক্তি কক্ষনো পরিতৃপ্ত হয় না। তার একজন হলেন 'আলিম আর অপরজন দুনিয়াদার। কিন্তু এ দু'জনের মর্যাদা সমান নয়। কেননা 'আলিম ব্যক্তি, তার প্রতি তো আল্লাহর সন্তুষ্টি বৃদ্ধি পেতে থাকে। আর দুনিয়াদার তো (ধীরে ধীরে) আল্লাহর অবাধ্যতার পথে অগ্রসর হতে থাকে। অতঃপর 'আবদুল্লাহ ইবনু মাস্'ঊদ (রাঃ) দুনিয়াদার ব্যক্তি সম্পর্কে কুরআনের আয়াত তিলাওয়াত করেনঃ

كَلَّا إِنَّ الْإِنْسَانَ لَيَطْفِي \* أَنْ رَّاهُ اسْتَغْنى

''কক্ষনো নয়, নিশ্চয় মানুষ নিজকে (ধনে জনে সম্মানে) স্বয়ংসম্পূর্ণ ভেবে আল্লাহর অবাধ্যতা করতে থাকে।'' (সূরাহ্ আল 'আলারু ৯৬: ৬-৭)

বর্ণনাকারী বলেন, অপর ব্যক্তি 'আলিম সম্পর্কে তিনি এ আয়াত তিলাওয়াত করলেনঃ

إِنَّمَا يَخْشَى اللهَ منْ عبَاده الْعُلَمَاء

''আল্লাহর বান্দাদের মধ্যে নিশ্চয় 'আলিমরাই তাঁকে ভয় করে''- (সূরাহ্ আল ফা-ত্বির ৩৫: ২৮)। (দারিমী)[1]

# ফুটনোট



[1] য'ঈফ : সুনানে দারিমী ৩৩২। কারণ এর সানাদে বিচ্ছিন্নতা রয়েছে, অর্থাৎ- বর্ণনাকারী 'আওন ইবনু 'আবদুল্লাহ যাহাবী ইবনু মাস্'উদ-এর থেকে শ্রবণ করেনি।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীস থেকে বুঝা যায়, বিদ্যার অধিকারী ও দুনিয়াদার ব্যক্তি সমান নয়, উভয়ের মাঝে অনেক পার্থক্য। দুনিয়াদার সীমালজ্যন বাড়াতে থাকে, মন্দ কাজের জন্য আল্লাহ থেকে দূরে থাকে। পক্ষান্তরে বিদ্যার অধিকারী ব্যক্তি আল্লাহভীতি ও শিষ্টাচারের মাধ্যমে আল্লাহর নৈকট্য বাড়াতে প্রয়াসী হয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন